DRAFT

# অভয়াশ্রম সহ-ব্যবস্থাপনায় কমিউনিটি ফিশ গার্ড কার্যক্রম

## (প্রশিক্ষণ ম্যানুয়াল)




ফেব্রুয়ারি ২০১৭

এনহ্যান্সড কোস্টাল ফিশারিজ ইন বাংলাদেশ (ইকোফিশ-বাংলাদেশ) প্রকল্প
ওয়ার্ল্ডফিশ বাংলাদেশ ও সাউথ এশিয়া
ও
মৎস্য অধিদপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

# অভয়াশ্রম সহ-ব্যবস্থাপনায় কমিউনিটি ফিশ গার্ড কার্যক্রম

## (প্রশিক্ষণ ম্যানুয়াল)

**রচনা:** মোঃ সহিদুল ইসলাম
ইসরাত জহুরা

**সম্পাদনা:** ড. মোঃ আব্দুল ওহাব
ড. মোঃ নাহিদুজ্জামান

**প্রকাশক:** ইকোফিশ-বাংলাদেশ প্রকল্প, ওয়ার্ল্ডফিশ বাংলাদেশ ও দক্ষিণ এশিয়া অফিস এবং মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ।

**প্রকাশনার তারিখ:** ফেব্রুয়ারি ২০১৭

**দাতা সংস্থা:** ইউনাইটেড স্টেট্স এজেন্সি ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট (ইউএসএআইডি)

এই ম্যানুয়ালটি ইউনাইটেড স্টেট্স এজেন্সি ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট (ইউএসএআইডি) এর সহায়তায় প্রকাশ করা হয়েছে। ম্যানুয়ালটিতে বর্ণিত বিভিন্ন বিষয় ও মতামতসমূহ প্রকাশকের নিজের যা ইউএসএআইডি বা যুক্তরাষ্ট্রের সরকারের মতামতের প্রতিফলন নয়।

# অভয়াশ্রম সহ-ব্যবস্থাপনায় কমিউনিটি ফিশ গার্ড কার্যক্রম

## (প্রশিক্ষণ ম্যানুয়াল)

## সূচিপত্র


| | | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ম্যানুয়াল পরিচিতি | | : | ১ |
| প্রশিক্ষণের লক্ষ্য ও উদ্দেশ্য | | : | ৩ |
| অধিবেশন সূচি | | : | ৪ |
| অধিবেশন-১ | নিবন্ধন, স্বাগত বক্তব্য ও পরিচিতি, প্রশিক্ষণ পূর্ব মূল্যায়ন, প্রশিক্ষণ প্রত্যাশা, প্রশিক্ষণের লক্ষ্য, উদ্দেশ্য ও কোর্স পরিচিতি | : | ৫ |
| অধিবেশন-২ | ইলিশ অভয়াশ্রম সহ-ব্যবস্থাপনা কার্যক্রম | : | ১০ |
| অধিবেশন-৩ | কমিউনিটি ফিশ গার্ড কার্যক্রম | : | ১৪ |
| অধিবেশন-৪ | জাটকা ও মা ইলিশ রক্ষার প্রয়োজনীয়তা, ইলিশ সম্পদ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা (HFMAP) বাস্তবায়নে সরকারি বিধিমালা | : | ১৮ |
| অধিবেশন-৫ | ইলিশ অভয়াশ্রম পাহারা কার্যক্রমে অংশগ্রহণকারী আইন প্রয়োগকারী প্রতিষ্ঠানসমূহ ও তাদের ভূমিকা | : | ২১ |
| অধিবেশন-৬ | পাহারা কার্যক্রম বাস্তবায়ন প্রক্রিয়া, পাহারা কার্যক্রমে কমিউনিটি ফিশ গার্ডদের ঝুঁকি বিশ্লেষণ এবং করণীয় | : | ২৩ |
| অধিবেশন-৭ | ইলিশ অভয়াশ্রম সহ-ব্যবস্থাপনায় কমিউনিটি ফিশ গার্ডদের মাসিক কর্ম পরিকল্পনা ও প্রতিবেদন তৈরি | : | ২৬ |
| অধিবেশন-৮ | প্রশিক্ষণ পরবর্তী শিখন যাচাই, প্রশিক্ষণ কোর্স মূল্যায়ন ও সমাপনী | : | ২৮ |
| তথ্যসূত্র | | : | ৩৩ |

# ম্যানুয়াল পরিচিতি

### উদ্দেশ্য

এ ম্যানুয়ালটি সরকার ঘোষিত ইলিশ অভয়াশ্রম রক্ষায় স্থানীয়ভাবে গঠিত সহ-ব্যবস্থাপনা কমিটির পরিচালনায় পাহারা কার্যক্রমে নিয়োজিত কমিউনিটি ফিশ গার্ডবৃন্দের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে অনুষ্ঠিতব্য "অভয়াশ্রম সহ-ব্যবস্থাপনায় কমিউনিটি ফিশ গার্ড কার্যক্রম" বিষয়ক প্রশিক্ষণে ইকোফিশ প্রকল্পের মাঠ পর্যায়ের কর্মকর্তাবৃন্দের অনুসরণের জন্য প্রণয়ন করা হয়েছে।

### প্রশিক্ষণার্থী

ইকোফিশ-বাংলাদেশ প্রকল্পের কর্ম এলাকায় গঠিত ইলিশ সংরক্ষণ দলের সদস্যদের মধ্য থেকে নির্বাচিত এবং ইলিশ অভয়াশ্রম সহ-ব্যবস্থাপনা কমিটি পরিচালিত ইলিশ গার্ডবৃন্দ।

### প্রশিক্ষণের সময়কাল

প্রশিক্ষণটি একদিনব্যাপী অনুষ্ঠিত হবে। কোর্সের বিভিন্ন অধিবেশনের জন্য নির্দিষ্ট সময় বরাদ্দ করা আছে। কিন্তু বাস্তব অবস্থার প্রেক্ষিতে মোট সময় ঠিক রেখে অধিবেশনের সময়সূচি কিছুটা পরিবর্তন করা যেতে পারে।

### প্রশিক্ষণের স্থান

প্রশিক্ষণের জন্য জেলেদের উঠান, কাছাকাছি সাইক্লোন শেল্টার, স্কুল বা অন্য কোন সুবিধাজনক স্থান ব্যবহার করা যেতে পারে।

### প্রশিক্ষণার্থীর সংখ্যা

প্রতি ব্যাচ প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীর সংখ্যা হবে ২৫-৩০ জন।

### প্রশিক্ষণ পদ্ধতি

অধিকাংশ ক্ষেত্রে অংশগ্রহণমূলক প্রশিক্ষণ পদ্ধতি নির্বাচন করা হয়েছে। পাশাপাশি অংশগ্রহণকারীদের অভিজ্ঞতা বিনিময়ের সুযোগ রাখা হয়েছে। অংশগ্রহণমূলক পদ্ধতিগুলি হচ্ছে উন্মুক্ত আলোচনা, প্রশ্নোত্তর, অভিজ্ঞতা বিনিময়, ফ্লাশকার্ড ও পোষ্টার প্রদর্শন।

### প্রশিক্ষকের ভূমিকা

প্রশিক্ষণে প্রশিক্ষকের ভূমিকা মূলতঃ শিখনের পরিবেশ সৃষ্টি করা যাতে প্রশিক্ষণার্থীগণ স্বতঃস্ফুর্ত ও সক্রিয়ভাবে অংশগ্রহণের মাধ্যমে তাদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি করতে পারেন। প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের বর্তমান জ্ঞানের আলোকে প্রশিক্ষণ পরিচালনা করবেন এবং সহজ-সরল ও বোধগম্যভাবে তথ্য উপস্থাপন করবেন।

## প্রশিক্ষণের বিষয় ও সহায়ক তথ্য

ম্যানুয়ালটিতে প্রশিক্ষণের সকল বিষয় প্রশিক্ষণার্থীদের বাস্তব চাহিদার উপর ভিত্তি করে নির্বাচন করা হয়েছে। বিভিন্ন অধিবেশন পরিকল্পনার সাথে অধিবেশন পরিচালন নির্দেশিকা এবং বিষয়ভিত্তিক সহায়ক তথ্য ধারাবাহিকভাবে সন্নিবেশিত করা আছে। অধিবেশন পরিচালনার জন্য প্রশিক্ষক ম্যানুয়ালে উল্লেখিত অধিবেশন পরিকল্পনা ও পরিচালন প্রক্রিয়া এবং সহায়ক তথ্য ভালভাবে পড়ে প্রয়োজনীয় উপকরণ সংগ্রহ করে প্রস্তুতি গ্রহণ করবেন।

## সহায়কের জন্য নির্দেশনা

- প্রশিক্ষণার্থীদের শুভেচ্ছা জানান এবং কুশলাদি বিনিময় করুন
- সকল অংশগ্রহণকারীকে ইউ (U) আকারে বসানো নিশ্চিত করুন
- প্রশিক্ষণের শুরুতে প্রি-টেষ্ট বা প্রশিক্ষণ-পূর্ব মূল্যায়ন এবং প্রশিক্ষণের শেষে পোষ্ট-টেষ্ট বা প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন নির্ধারিত ফরমে সম্পন্ন করুন এবং প্রি ও পোষ্ট-টেষ্ট এর তুলনামূলক বিশ্লেষণ করুন
- অধিবেশন পরিকল্পনা ও পরিচালন নির্দেশিকা অনুযায়ী অধিবেশন পরিচালনা করুন
- অধিবেশনের শুরুতে আলোচ্য বিষয় ও উদ্দেশ্য সহজ, সুন্দর ও সাবলীলভাবে উপস্থাপন করুন
- আগ্রহের সাথে প্রশিক্ষণার্থীদের মতামত ও অভিজ্ঞতা শুনুন
- প্রত্যেক অধিবেশনের শেষে আলোচনার সার-সংক্ষেপ করুন এবং করণীয় নির্ধারণ করুন।

# প্রশিক্ষণের লক্ষ্য ও উদ্দেশ্য

## প্রশিক্ষণের লক্ষ্য

ইলিশ অভয়াশ্রম পাহারা কার্যক্রমের জন্য নির্বাচিত কমিউনিটি ফিশ গার্ডবৃন্দের সক্ষমতা বৃদ্ধি করা ।

## প্রশিক্ষণের উদ্দেশ্য

প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীগণ -

- সহ-ব্যবস্থাপনা কার্যক্রম সম্পর্কে ধারণা লাভ করবেন
- জাটকা ও মা ইলিশ সংরক্ষণের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবেন
- ইলিশের অভয়াশ্রম সম্পর্কে ধারণা লাভ করবেন
- ইলিশ সংরক্ষণ নীতিমালা ও  মৎস্য আইন  সম্পর্কে জানবেন
- ইলিশ অভয়াশ্রম পাহারা কার্যক্রম এর গুরুত্ব, কমিউনিটি ফিশ গার্ডবৃন্দের দায়িত্ব ও কর্তব্য এবং পাহারা কার্যক্রম বাস্ত বায়ন প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবেন
- মৎস্য বিভাগ ও আইনপ্রয়োগকারী সংস্থার ভূমিকা এবং তাদের সাথে সংযোগ স্থাপন কৌশল সম্পর্কে জানতে পারবেন
- অভয়াশ্রম পাহারা কার্যক্রমের জন্য মাসিক কর্ম পরিকল্পনা প্রতিবেদন তৈরি করতে পারবেন ।
- অভয়াশ্রম পাহারা কার্যক্রমের ঝুঁকি বিশ্লেষণ করতে পারবেন এবং নিরাপত্তার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারবেন ।

# অধিবেশন সূচি

| সময় | অধিবেশন | বিষয় | সহায়ক |
|---|---|---|---|
| ০৯.০০-১০.০০ | অধিবেশন-১ | নিবন্ধন, স্বাগত বক্তব্য ও পরিচিতি, প্রশিক্ষণ পূর্ব মূল্যায়ন, প্রশিক্ষণ প্রত্যাশা, প্রশিক্ষণের লক্ষ্য, উদ্দেশ্য ও কোর্স পরিচিতি | |
| ১০.০০-১১.০০ | অধিবেশন-২ | ইলিশ অভয়াশ্রম সহ-ব্যবস্থাপনা কার্যক্রম পরিচিতি<br>● ইলিশ অভয়াশ্রম কি, প্রয়োজনীয়তা<br>● সহ-ব্যবস্থাপনা কি, গুরুত্ব, সম্পৃক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান ও তাদের ভূমিকা | |
| ১১.০০-১১.১৫ | চা বিরতি | | |
| ১১.১৫-১২.১৫ | অধিবেশন-৩ | কমিউনিটি ফিশ গার্ড কার্যক্রম:<br>● গুরুত্ব ও মেয়াদ<br>● কাঠামো, দায়িত্ব ও কর্তব্য<br>● সদস্যপদ বাতিল<br>● কে/কারা পরিচালনা ও মনিটিরিং করবে,<br>● কার কাছে রিপোর্ট করবে | |
| ১২.১৫-১৩.০০ | অধিবেশন-৪ | জাটকা ও মা ইলিশ রক্ষার প্রয়োজনীয়তা, ইলিশ সম্পদ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা (HFMAP) বাস্তবায়নে সরকারি বিধিমালা | |
| ১৩.০০-১৪.০০ | দুপুরের খাবার | | |
| ১৪.০০-১৫.০০ | অধিবেশন-৫ | ইলিশ অভয়াশ্রম পাহারা কার্যক্রমে অংশগ্রহণকারী আইন প্রয়োগকারী প্রতিষ্ঠানসমূহ ও তাদের ভূমিকা | |
| ১৫.০০-১৫.১৫ | চা বিরতি | | |
| ১৫.১৫-১৬.০০ | অধিবেশন-৬ | পাহারা কার্যক্রম বাস্তবায়ন প্রক্রিয়া, পাহারা কার্যক্রমে কমিউনিটি ফিশ গার্ডদের ঝুঁকি বিশ্লেষণ এবং করণীয় | |
| ১৬.০০-১৬.৩০ | অধিবেশন-৭ | ইলিশ অভয়াশ্রম সহ-ব্যবস্থাপনায় কমিউনিটি ফিশ গার্ডদের মাসিক কর্ম পরিকল্পনা ও প্রতিবেদন তৈরি | |
| ১৬.৩০-১৭.০০ | অধিবেশন-৮ | প্রশিক্ষণ পরবর্তী শিখন যাচাই, প্রশিক্ষণ কোর্স মূল্যায়ন ও সমাপনী | |

# অধিবেশন-১

**সময়: ০৯.০০** **মেয়াদ: ৬০ মিনিট**

**শিরোনাম** : নিবন্ধন, স্বাগত বক্তব্য ও পরিচিতি, প্রশিক্ষণ পূর্ব মূল্যায়ন, প্রশিক্ষণ প্রত্যাশা, প্রশিক্ষণের লক্ষ্য, উদ্দেশ্য ও কোর্স পরিচিতি

**উদ্দেশ্য** :

এই অধিবেশনে অংশগ্রহণকারীগণ -

- প্রি-টেষ্ট এ অংশগ্রহণ করে প্রশিক্ষণের মূল বিষয়বস্তু সম্পর্কে তাদের বর্তমান অবস্থা অবগত হবেন
- প্রশিক্ষণ প্রত্যাশা ব্যক্ত করতে পারবেন
- প্রশিক্ষণের লক্ষ্য ও উদ্দেশ্য ব্যাখ্যা করতে পারবেন
- প্রশিক্ষণ কোর্সের সাথে পরিচিত হবেন ।

## অধিবেশন পরিচালন নির্দেশিকা

| ক্রম. | আলোচ্য বিষয়সমুহ | উপস্থাপন কৌশল/পদ্ধতি | উপকরণ | সময়কাল |
|---|---|---|---|---|
| ০১ | নিবন্ধন | নির্ধারিত ফরমে প্রশিক্ষণার্থীদের নিবন্ধন সম্পন্ন করুন । | ফরম-১ ও খাতা-কলম | ১৫ মিনিট |
| ০২ | স্বাগত বক্তব্য ও পরিচিতি | আলাপ আলোচনার মাধ্যমে প্রশিক্ষণার্থীদের সাথে পরিচিত হোন এবং প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য আনুষ্ঠানিক ভাবে স্বাগত জানান । | মাইক্রোফোন (যদি থাকে) | ৫ মিনিট |
| ০৩ | প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন | প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন পত্রের নির্দেশনা অনুসরণ করে প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন বা প্রি-টেষ্ট সম্পন্ন করুন । | প্রি-টেস্ট প্রশ্নপত্র | ১৫ মিনিট |
| ০৪ | প্রশিক্ষণ প্রত্যাশা | অংশগ্রহণকারীদের প্রশ্ন করুন, প্রশিক্ষণ কোর্স থেকে আপনারা কী জানতে চান? যা কিছু জানতে চায় শুনুন এবং ফ্লিপচার্ট পেপারে লিখে ঝুলিয়ে দিন । | ফ্লিপচার্ট পেপার ও মার্কার | ১০ মিনিট |
| ০৫ | প্রশিক্ষণের লক্ষ্য, উদ্দেশ্য ও কোর্স পরিচিতি | আলোচনার মাধ্যমে প্রশিক্ষণের লক্ষ্য ও উদ্দেশ্য এবং কোর্সের বিষয়বস্তু সম্পর্কে ধারণা দিন এবং তাদের প্রত্যাশার সাথে সমন্বয় করুন । | ফ্লিপচার্ট (লক্ষ্য ও উদ্দেশ্য) | ১০ মিনিট |
| ০৬ | সার-সংক্ষেপ | প্রশ্নোত্তরের মাধ্যম্যে অধিবেশনের মূল শিখনগুলো পর্যালোচনা করুন । | মাইক্রোফোন (যদি থাকে) | ০৫ মিনিট |

ফরম-১

# EVENT /ATTENDANCE SUMMARY

**Event Number:** ____________________

**Organizer of the event:** ☐WorldFish ☐DoF ☐CODEC ☐COAST TRUST ☐CNRS ☐Others……….

**Name of District:** ☐Barisal ☐Barguna ☐Bhola ☐Chandpur ☐Jhalokhathi ☐Laxmipur ☐Pirojpur ☐Patuakhali ☐Shariatpur ☐Others (specify)……..

Event Name: ........................................................................................................................................................................................

**Event Type:** ☐ Fishers Training ☐ HCG Meeting ☐ Co-management committee meeting ☐ HGG Meeting ☐AIGA Training ☐ CSG Meeting

☐ Union Level Sharing meeting ☐Coordination Meeting ☐Workshop/ Seminar ☐Cross Visit ☐ Staff Training ☐ Others (please specify)……

**Village:** ……………………………………… **Union:**……………………………………… **Upazila:**……………………………………………..

**Venue:** ………………………………………………………………………………………………………**Date (dd/mm/yy): From**…………………….**To**…………………..

**Duration:** …………. **(Days)** **Total (Hours)**………………. **NRM Session:**……………(hrs) **Others Sessions:**……………(hrs)

| | | | | | |
|---|---|---|---|---|---|
| HCG member # F = | Indirect Fishermen #F = | GO Staff #F = | PNGO Staff #F = | PS Staff #F = | Other #F = |
| HCG member # M = | Indirect Fishermen #M = | GO Staff #M = | PNGO Staff #M = | PS Staff #M = | Other #M = |
| HCG member @EVENT = | Indirect Fishermen @EVENT = | GO Staff @EVENT = | PNGO Staff @EVENT = | PS Staff @EVENT = | Other @EVENT = |
| Total # Participants @ EVENT | T= | F = | | M = | |

Event Cost (BDT)

| Instruction cost | Travel cost | Trainee cost | Event Total |
|---|---|---|---|
| | | | |

Data collected by: Data checked by: Data verified by:

USAID FROM THE AMERICAN PEOPLE WorldFish

## ATTENDANCE REGISTER

Date: Page #: of

Title of the training/ event:

Start time: End time: Total hours:

| 1. SL. No. | 2. Name of the participant | 3. Household ID | 4 . Sex (M/F) | 5. Cell Number | 6. Village | 7. Participant Type (Use Code) | 8. # of hours attended | 9. Signature | 10. Amount (Tk.) | 11.Remarks) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |

Participant Type Code: 1=Fishers/fishers family member, 2=Majhee, 3=Mallah, 4= Vagi, 5= Arotdar,6= Mohajan, 7= Local Govt, 8=Coast Guard, 9=Private Sector, 10= EcoFish, 11=DoF, 12=PNGO, 13=Paiker, 14= Indirect Fishermen , 15= Others;

Data collected by: Data checked by: Data verified by:

# প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন

প্রশিক্ষণের নাম: অভয়াশ্রম সহ-ব্যবস্থাপনায় কমিউনিটি ফিশ গার্ড কার্যক্রম বিষয়ক প্রশিক্ষণ

প্রশিক্ষণের স্থান: ........................................................................... সময়কাল: ১ দিন

প্রশিক্ষণার্থী: ইলিশ গার্ডবৃন্দ প্রশিক্ষণার্থীর সংখ্যা: ........... তারিখ: ................

**সহায়কের জন্য নির্দেশনা:**

অধিবেশনের শুরুতে প্রশিক্ষণার্থীদের ইউ (U) আকৃতিতে দাঁড়াতে বলুন। নিচের ছক থেকে একটি করে উক্তি উপস্থাপন করুন এবং ডানদিকের উত্তর তিনটি বলুন। প্রতিটি উত্তরের ক্ষেত্রে যারা একমত তাদের হাত তুলতে বলুন। এবার হাত গুনে কতজন একমত তা খালি ঘরে রেকর্ড করুন। এভাবে সবগুলো উক্তি উপস্থাপন করে তাদের মতামত জানুন এবং রেকর্ড করুন।

| ক্রম. | উক্তি | উত্তর (কতজন?) | উত্তর (কতজন?) | উত্তর (কতজন?) |
|---|---|---|---|---|
| ১. | মাছের অভয়াশ্রম বলতে বুঝায় | মাছের নিরাপদ প্রজনন ক্ষেত্র | মাছের নিরাপদ আবাসস্থল | দু'টোই |
| | | | | |
| ২. | মাছের অভয়াশ্রমে | মা মাছ ধরা নিষিদ্ধ থাকে | সকল মাছ ধরা নিষিদ্ধ থাকে | জাটকা ধরা নিষিদ্ধ থাকে |
| | | | | |
| ৩. | সহ-ব্যবস্থাপনা হচ্ছে মৎস্য সম্পদ সংরক্ষণ কার্যক্রমে | সরকারের একক প্রচেষ্টা | সম্পদ ব্যবহারকারীর একক প্রচেষ্টা | সরকারের সাথে সম্পদ ব্যবহারকারীর অংশগ্রহণ |
| | | | | |
| ৪. | ইলিশের ৫টি অভয়াশ্রম ছাড়াও আর কয়টি নতুন অভয়াশ্রম চিহ্নিত করা হয়েছে? | ১টি | ২টি | ৩টি |
| | | | | |
| ৫. | কমিউনিটি ফিশ গার্ডের দায়িত্ব হচ্ছে অবৈধ জাল ব্যবহারকারী ও অবৈধভাবে মাছ আহরণকারীকে | বাধা দেয়া | চিনে রাখা | বাধা দেয়া ও মৎস্য অধিদপ্তরকে অবহিত করা |
| | | | | |
| ৬. | পাহারা কার্যক্রম কিভাবে বাস্তবায়ন করা হবে? | এলাকাভিত্তিক ছোট দল গঠন করে | নিজ এলাকায় এককভাবে | অন্য এলাকায় একক বা দলীয়ভাবে |
| | | | | |
| ৭. | একটি মা ইলিশ ধরলে কি পরিমাণ পোনা উৎপাদন বন্ধ হয়ে যায় | ১২ লক্ষ পর্যন্ত | ১৭ লক্ষ পর্যন্ত | ২৩ লক্ষ পর্যন্ত |
| | | | | |
| ৮. | অবৈধ জালের ফাঁসের আকার কত? | ৪.৫ সে.মি. এর কম | ৫.৫ সে.মি. এর কম | ৬.৫ সে.মি. এর কম |
| | | | | |
| ৯. | টহল দেয়ার সময় সম্ভাব্য বিপদ প্রতিরোধের জন্য কি করতে হবে? | সময়ানুযায়ী এককভাবে টহলে যেতে হবে | সময়ানুযায়ী দলবদ্ধভাবে টহলে যেতে হবে | কোনোটিই নয় |
| | | | | |
| ১০. | মৎস্য আইন অমান্যকারী সর্বনিম্ন শাস্তি কত বছর? | ১ বছর | ২ বছর | ৩ বছর |
| | | | | |

**সহায়ক তথ্য**

### প্রশিক্ষণের লক্ষ্য

ইলিশ অভয়াশ্রম পাহারা কার্যক্রমের জন্য নির্বাচিত কমিউনিটি ফিশ গার্ডবৃন্দের সক্ষমতা বৃদ্ধি করা ।

### প্রশিক্ষণের উদ্দেশ্য

প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীগণ -

- সহ-ব্যবস্থাপনা কার্যক্রম সম্পর্কে ধারণা লাভ করবেন
- জাটকা ও মা ইলিশ সংরক্ষণের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবেন
- ইলিশের অভয়াশ্রম সম্পর্কে ধারণা লাভ করবেন
- ইলিশ সংরক্ষণ নীতিমালা ও মৎস্য আইন সম্পর্কে জানবেন
- ইলিশ অভয়াশ্রম পাহারা কার্যক্রম এর গুরুত্ব, কমিউনিটি ফিশ গার্ডবৃন্দের দায়িত্ব ও কর্তব্য এবং পাহারা কার্যক্রম বাস্তবায়ন প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবেন
- মৎস্য বিভাগ ও আইনপ্রয়োগকারী সংস্থার ভূমিকা এবং তাদের সাথে সংযোগ স্থাপন কৌশল সম্পর্কে জানতে পারবেন
- অভয়াশ্রম পাহারা কার্যক্রমের জন্য মাসিক কর্ম পরিকল্পনা প্রতিবেদন তৈরি করতে পারবেন ।
- অভয়াশ্রম পাহারা কার্যক্রমের ঝুঁকি বিশ্লেষণ করতে পারবেন এবং নিরাপত্তার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারবেন ।

# অধিবেশন-২

**সময়: ১০.১৫** **মেয়াদ: ৬০ মিনিট**

**শিরোনাম** : ইলিশ অভয়াশ্রম সহ-ব্যবস্থাপনা কার্যক্রম পরিচিতি

**উদ্দেশ্য** : এই অধিবেশনে অংশগ্রহণকারীগণ -

- ইলিশের অভয়াশ্রম সম্পর্কে ধারণা লাভ করবেন
- সহ-ব্যবস্থাপনার গুরুত্ব, সম্পৃক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান ও তাদের ভূমিকা সম্পর্কে জানতে পারবেন।

**অধিবেশন পরিচালন নির্দেশিকা**

| ক্রম. | আলোচ্য বিষয়সমুহ | উপস্থাপন কৌশল/পদ্ধতি | উপকরণ | সময়কাল |
|---|---|---|---|---|
| ০১ | ইলিশের অভয়াশ্রম | ▪ প্রশ্ন করুন, কোথায় মাছ ধরা নিষেধ? উত্তর শুনে জানতে চান, কেন এখানে মাছ ধরা নিষেধ? উত্তরের সূত্র ধরে সহায়ক তথ্য অনুসরণ করে প্রশিক্ষণার্থীদের অভয়াশ্রম সম্পর্কে ধারণা দিন<br>▪ এবার জানতে চান, সরকার ঘোষিত ইলিশের অভয়াশ্রম কয়টি ও কি কি? কয়েকজনের উত্তর শুনে সহায়ক তথ্য অনুযায়ী বর্ণনা করুন। | সহায়ক তথ্য | ১৫ মিনিট |
| ০২ | সহ-ব্যবস্থাপনা কি | ▪ অংশগ্রহণকারীদের কাছে জানতে চান, আপনারা কোথায় মাছ ধরেন? উত্তর হবে: নদীতে।<br>▪ প্রশ্ন করুন, নদীতে কি সারা বছর মাছ ধরেন? সম্ভাব্য উত্তর হবে: না।<br>▪ প্রশ্ন করুন, কেন সারা বছর মাছ ধরেন না? সম্ভাব্য উত্তর হবে: ধরতে দেয় না, অভিযান চলে।<br>▪ প্রশ্ন করুন, কেন অভিযান করে? সম্ভাব্য উত্তর হবে:নিষিদ্ধ সময়ে যাতে মাছ না ধরে, নিষিদ্ধ জালের ব্যবহার না করে, জাটকা/মা মাছ না ধরা হয় ইত্যাদি।<br>▪ অভিযানের ফলে আপনাদের কী লাভ হবে?<br>▪ তাদের উত্তর শুনে বলুন এতে মাছের উৎপাদন বাড়বে, ভবিষ্যতে বেশি মাছ পাব আমরা, সরকার বিদেশে মাছ রপ্তানী করে দেশের আয় বাড়াবে, দেশের জনগণ বেশি মাছ খাবে ইত্যাদি।<br>▪ প্রশ্ন করুন এতসব সুফল পাবার জন্য আমাদের কী করা দরকার? তারা কিছু কাজের কথা বলবে উত্তরগুলো লিখুন<br>▪ কাজগুলো বাস্তবায়নের জন্য কাদের অংশগ্রহণ করা প্রয়োজন? উত্তর শুনুন<br>▪ বলুন আপনাদের আলোচনা থেকে বোঝা যাচ্ছে মাছের উৎপাদন বৃদ্ধির জন্যই সরকারিভাবে কিছু উদ্যোগ নেয়া হয় যেখানে আপনাদের অংশগ্রহণ করা প্রয়োজন। অর্থ্যাৎ সকলে মিলে সম্পদের | ফ্লিপচার্ট, সহায়ক তথ্য | ১৫ মিনিট |

| ক্রম. | আলোচ্য বিষয়সমুহ | উপস্থাপন কৌশল/পদ্ধতি | উপকরণ | সময়কাল |
|---|---|---|---|---|
| | | ব্যবস্থাপনা করতে হবে। এটাই সহব্যবস্থাপনা।<br>▪ সহায়ক তথ্য অনুসরণ করে সহ-ব্যবস্থাপনা ও ইলিশ সংরক্ষণ সহ-ব্যবস্থাপনা বলতে কি বোঝায় ব্যাখ্যা করুন। | | |
| ০৩ | সহ-ব্যবস্থাপনার গুরুত্ব ও প্রয়োজনীয়তা | ▪ অংশগ্রহণকারীদের কাছে থেকে জানতে চান, কেন এই ব্যবস্থাপনা প্রয়োজন?<br>▪ উত্তরের সূত্র ধরে সহায়ক তথ্য অনুসরণ করে আলোচনা করুন। | সহায়ক তথ্য | ১০ মিনিট |
| ০৪ | সহ-ব্যবস্থাপনা বাস্তবায়নকারী ব্যাক্তি ও প্রতিষ্ঠান | ▪ প্রশ্ন করুন, কোন কোন ব্যাক্তি ও প্রতিষ্ঠান সহ-ব্যবস্থাপনা কার্যক্রমে সম্পৃক্ত থাকবে?<br>▪ মতামতের সাথে মিল রেখে সহায়ক তথ্য অনুসরণ করে সহ-ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় প্রতিষ্ঠান ও ব্যক্তিসমুহ সম্পর্কে বিশদ আলোচনা করুন। | সহায়ক তথ্য | ১৫ মিনিট |
| ০৫ | সার-সংক্ষেপ | প্রশ্নোত্তরের মাধ্যম্যে অধিবেশনের মূল শিখনগুলো পর্যালোচনা করুন। | | ০৫ মিনিট |

# ইলিশ মাছের অভয়াশ্রম

## মাছের অভয়াশ্রম

মাছের অভয়াশ্রম বলতে মাছের নিরাপদ আশ্রয় বা আবাসস্থল বুঝায় যেখানে কোন নির্দিষ্ট মৌসুমে অথবা সারা বছরব্যাপী মাছ ধরা নিষিদ্ধ থাকে, ফলে মাছ নিরাপদে প্রজনন ও বংশ বৃদ্ধি করতে পারে এবং মাছের উৎপাদন বৃদ্ধি পায়।

## সরকার কর্তৃক নির্ধারিত ইলিশের ৫টি অভয়াশ্রম

ইলিশ মাছ সংরক্ষণের জন্য সরকার ৫টি অভয়াশ্রম ঘোষণা করেছে। এছাড়াও বরিশালের হিজলা-মেহেন্দিগঞ্জ এলাকায় ৬ষ্ঠ আরোকটি অভয়াশ্রম ঘোষণার অপেক্ষায় রয়েছে। এ অভয়াশ্রমগুলোর অবস্থান ও মাছ ধরার নিষিদ্ধ সময় নিচে বর্ণনা করা হলো।

| ক্রম | অভয়াশ্রমের এলাকা | মাছ ধরার নিষিদ্ধকালীন সময় |
|---|---|---|
| ১ | চাঁদপুর জেলার ষাটনল হতে লক্ষ্মীপুর জেলার চর আলেকজান্ডার পর্যন্ত (মেঘনা নদীর নিম্ন অববাহিকার ১০০ কি.মি. এলাকা) | প্রতি বছর মার্চ হতে এপ্রিল পর্যন্ত |
| ২ | ভোলা জেলার মদনপুর/চর ইলিশা হতে চর পিয়াল পর্যন্ত (মেঘনা নদীর শাহবাজপুর শাখার ৯০ কি.মি. এলাকা | প্রতি বছর মার্চ হতে এপ্রিল পর্যন্ত |
| ৩ | ভোলা জেলার ভেদুরিয়া হতে পটুয়াখালী জেলার চর রুস্তম পর্যন্ত (তেঁতুলিয়া নদীর প্রায় ১০০ কি.মি. এলাকা) | প্রতি বছর মার্চ হতে এপ্রিল পর্যন্ত |
| ৪ | শরিয়তপুর জেলার নড়িয়া হতে ভেদরগঞ্জ পর্যন্ত (পদ্মা নদীর নিম্ন অববাহিকার ২০ কি.মি. এলাকা) | প্রতি বছর মার্চ হতে এপ্রিল পর্যন্ত |
| ৫ | পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার আন্ধারমানিক নদীর ৪০ কি.মি. এলাকা | প্রতি বছর নভেম্বর হতে জানুয়ারী পর্যন্ত |
| ৬ | বরিশাল জেলার হিজলা-মেহেন্দিগঞ্জ উপজেলায় ৮২ কি.মি.এলাকায় | প্রতি বছর মার্চ হতে এপ্রিল পর্যন্ত |

# সহ-ব্যবস্থাপনা সম্পর্কিত ধারণা

## সহ-ব্যবস্থাপনা

সহ-ব্যবস্থাপনা হলো এমন এক ধরনের ব্যবস্থাপনা পদ্ধতি যেখানে কোন প্রাকৃতিক সম্পদ যেমন নদী, বনভূমি, হাওড়, বিল ইত্যাদির সুষ্ঠু ব্যবহার ও সংরক্ষণ সম্পর্কিত যে কোন সিদ্ধান্ত সরকারি- বেসরকারি সংস্থা ও সম্পদ ব্যবহারকারীগণ সম্মিলিতভাবে গ্রহণ করে থাকে।

মৎস্য সম্পদের সংরক্ষণ ও সফল ব্যবস্থাপনার জন্য সরকারের সাথে মৎস্য সম্পদের উপর নির্ভরশীল জনগোষ্ঠীর অংশগ্রহণ প্রয়োজন। বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থা এবং মৎস্য সম্পদের ওপর নির্ভরশীল জনগোষ্ঠীর অংশগ্রহণ ও প্রচেষ্টায় মৎস্য সম্পদের এ সংরক্ষণ এবং ব্যবস্থাপনাকেই সহ-ব্যবস্থাপনা বলে।

## সহ-ব্যবস্থাপনার গুরুত্ব ও প্রয়োজনীয়তা

ইলিশ সম্পদ সংরক্ষণ সহ-ব্যবস্থাপনা কার্যক্রমের মাধ্যমে -

- নদী ও ইলিশের অভয়াশ্রমসমূহের সঠিক ব্যবস্থাপনা নিশ্চিত হবে

- নদী অধিক উৎপাদনশীল হবে এবং জাতীয় মাছ ইলিশসহ অন্যান্য মাছের উৎপাদন বৃদ্ধি পাবে
- অন্যান্য জলজ সম্পদ রক্ষা পাবে
- জেলেদের জীবন মানের উন্নয়ন ঘটবে ।

## সহ-ব্যবস্থাপনা বাস্তবায়নকারী ব্যাক্তি ও প্রতিষ্ঠান

ইলিশ সম্পদ সংরক্ষণে সহ-ব্যবস্থাপনার জন্য সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানগুলো হচ্ছে -

- মৎস্য অধিদপ্তর
- স্থানীয় সরকার
- স্থানীয় প্রশাসন
- বাংলাদেশ নৌ-বাহিনী
- কোষ্টগার্ড
- পুলিশ/নৌ-পুলিশ
- আড়তদার, মহাজন ও মাঝি
- জেলে সম্প্রদায় ।
- ওয়ার্ল্ডফিশ বাংলাদেশ ও সাউথ এশিয়া
- বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান (যেমন, CNRS, CODEC, COAST Trust)

# অধিবেশন-৩

**সময়: ১১.১৫** **মেয়াদ: ৬০ মিনিট**

**শিরোনাম** : কমিউনিটি ফিশ গার্ড কার্যক্রম

**উদ্দেশ্য** : এই অধিবেশনে অংশগ্রহণকারীগণ -

- ইলিশ অভয়াশ্রম সহ-ব্যবস্থাপনায় পাহারা কার্যক্রমের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবেন
- কমিউনিটি ফিশ গার্ড এর মেয়াদ, কাঠামো, সদস্যপদ বাতিল, মনিটরিং ও রিপোর্টিং সম্পর্কে জানতে পারবেন
- পাহারা কার্যক্রমে কমিউনিটি ফিশ গার্ডদের দায়িত্ব ও কর্তব্য বলতে পারবেন

## অধিবেশন পরিচালন নির্দেশিকা

| ক্রম. | আলোচ্য বিষয়সমূহ | উপস্থাপন কৌশল/পদ্ধতি | উপকরণ | সময়কাল |
|---|---|---|---|---|
| ০১ | ইলিশ অভয়াশ্রম সহ-ব্যবস্থাপনায় পাহারা কার্যক্রমের গুরুত্ব | সহায়ক তথ্য অনুসরণ করে অংশগ্রহণমূলক আলোচনার মাধ্যমে ইলিশ অভয়াশ্রম সহ-ব্যবস্থাপনায় পাহারা কার্যক্রমের গুরুত্ব আলোচনা করুন । | সহায়ক তথ্য | ১০ মিনিট |
| ০২ | কমিউনিটি ফিশ গার্ড এর মেয়াদ, কাঠামো, সদস্যপদ বাতিল, মনিটরিং ও রিপোর্টিং | সহায়ক তথ্য অনুসরণ করে অংশগ্রহণমূলক আলোচনার মাধ্যমে কমিউনিটি ফিশ গার্ড এর মেয়াদ, কাঠামো, সদস্যপদ বাতিল, মনিটরিং ও রিপোর্টিং সম্পর্কে আলোচনা করুন । | সহায়ক তথ্য | ১০ মিনিট |
| ০৩ | পাহারা কার্যক্রমে কমিউনিটি ফিশ গার্ডদের দায়িত্ব ও কর্তব্য এবং পাহারা কার্যক্রম বাস্ত বায়ন প্রক্রিয়া | ▪ প্রশ্ন করুন, পাহারা কার্যক্রমের জন্য কি কি কাজ করা দরকার?<br>▪ উত্তর শুনে কাজের একটি তালিকা তৈরি করুন এবং সহায়ক তথ্য অনুসরণ করে পাহারা দল সদস্যদের দায়িত্ব ও কর্তব্য এবং বাস্তবায়ন প্রক্রিয়া আলোচনা করুন । | সহায়ক তথ্য | ৩৫ মিনিট |
| ০৪ | সার-সংক্ষেপ | প্রশ্নোত্তরের মাধ্যম্যে অধিবেশনের মূল শিখনগুলো পর্যালোচনা করুন । | সহায়ক তথ্য | ৫ মিনিট |

# ইলিশ অভয়াশ্রম সহ-ব্যবস্থাপনায় পাহারা কার্যক্রম

## পাহারা কার্যক্রমের গুরুত্ব

ইলিশ ও অন্যান্য মাছ এবং জলজপ্রাণি সংরক্ষণের জন্য ওয়ার্ল্ডফিশ ও মৎস্য অধিদপ্তরের মাধ্যমেইকোফিশ-বাংলাদেশ প্রকল্প যৌথভাবে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্প এলাকায় ইলিশ জেলে পরিবার নিয়ে ইলিশ সংরক্ষণ গ্রুপ তৈরি করা হয়েছে। এসব গ্রুপ ইলিশ সংরক্ষণের জন্য ভিত্তি প্রতিষ্ঠান হিসেবে কাজ করছে।

বাংলাদেশ সরকার ইলিশ সংরক্ষণের জন্য বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে। তার মধ্যে মাছের অভয়াশ্রমে বছরের নির্দিষ্ট সময়ে সকল প্রকার মাছ ধরা বন্ধ রাখা অন্যতম। এ কাজে নিয়োজিত আছে বাংলাদেশ সরকারের মৎস্য অধিদপ্তর, নৌ-বাহিনী, কোষ্টগার্ড ও নৌ-পুলিশসহ স্থানীয় সরকারের প্রতিষ্ঠানসমূহ।

বাংলাদেশ সরকারের ইলিশ অভয়াশ্রম ও জীব-বৈচিত্র্য সংরক্ষণ কার্যক্রমে ইলিশ জেলে সম্প্রদায় অন্তর্ভূক্ত হলে তা আরও ফলপ্রসূ হবে বলে আশা করা যায়। যারা জীবিকার জন্য ইলিশের উপর নির্ভরশীল তারাই যদি তার কমিউনিটিতে ইলিশ সংরক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করে, তাহলে এ কাজের সফলতা ত্বরান্বিত হবে।

## কমিউনিটি ফিশ গার্ড এর মেয়াদ

- কমিউনিটি ফিশ গার্ডের সদস্যপদ প্রথমে ১২ মাসের জন্য দেয়া হবে যা প্রতেক কমিউনিটি ফিশ গার্ডের পরিচয়পত্রে উল্লেখ থাকবে।
- ১২ মাস পর সহ-ব্যবস্থাপনা কমিটি প্রতেক কমিউনিটি ফিশ গার্ডের কাজের মূল্যায়ন করবে। যাদের কাজ সন্তোষজনক হবেনা তাদের সদস্যপদ বাতিল করা হবে।
- যেসব কমিউনিটি ফিশ গার্ডের কাজ সন্তোষজনক হবে, তাদেরকে পরবর্তী সময়ের জন্য নতুন পরিচয়পত্র ও অন্যান্য উপকরণ উপজেলা সহ-ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে সরবরাহ করা হবে।

## কমিউনিটি ফিশ গার্ড এর কাঠামো

কমিউনিটি ফিশ গার্ডের মধ্যে একজন দলনেতা, একজন উপদলনেতা এবং অবশিষ্টরা সদস্য হিসেবে দায়িত্বপালন করবে।

(ক) দলনেতা

- উপজেলা সহ-ব্যবস্থাপনা কমিটির সম্মতিতে মৎস্য কর্মকর্তা কমিউনিটি ফিশ গার্ডবৃন্দের মধ্য হতে একজন দলনেতা নির্বাচন করবেন।
- দলনেতার লেখা-পড়া ও যোগাযোগের দক্ষতা থাকতে হবে।
- দলনেতাকে সকল সভা ও কর্মসূচিতে উপস্থিত থাকতে হবে; কোনো কারণে উপস্থিত থাকতে না পারলে তিনি তার উপদলনেতাকে উক্ত সভা বা কর্মসূচিতে উপস্থিত থাকতে বলবেন।
- দলনেতা সকল ফিশ গার্ডকে পরিচালনা করবেন এবং কর্মপরিকল্পনা বাস্তবায়ন করবেন।
- দলনেতা সকল কর্মকান্ডের নথি সংরক্ষণ করবেন।
- দলনেতা সকল কর্মকান্ড মৎস্য কর্মকর্তাকে অবহিত করবেন।

(খ) উপদলনেতা

- উপজেলা সহ-ব্যবস্থাপনা কমিটির সম্মতিতে মৎস্য কর্মকর্তা কমিউনিটি ফিশ গার্ডবৃন্দের মধ্য হতে একজন উপদলনেতা নির্বাচন করবেন ।
- দলনেতার অনুপস্থিতিতে উপদলনেতা দায়িত্ব পালন করবেন ।
- উপদলনেতার লেখা-পড়া ও যোগাযোগের দক্ষতা থাকতে হবে ।

**সদস্যপদ বাতিল**

নিম্নলিখিত কারণে একজন কমিউনিটি ফিশ গার্ডের সদস্যপদ বাতিল হতে পারে -

- কারো নিকট হতে ঘুষ গ্রহণ বা জোরপূর্বক টাকা আদায় করলে
- সভা বা যেকোনো কর্মসূচিতে উপস্থিত না থাকলে
- দলনেতা বা মৎস্য কর্মকর্তার আদেশ না মানলে
- দলনেতা, মৎস্য কর্মকর্তা বা অন্য কোনো কমিউনিটি ফিশ গার্ডের কোনরূপ ক্ষতি করলে
- মৎস্য আইন ও অফিস আদেশ অমান্য করলে
- মাদকাসক্ত হলে ।

## কমিউনিটি ফিশ গার্ডের সভা

কমিউনিটি ফিশ গার্ডের সভা প্রতি তিন মাসে অন্তত: একবার অনুষ্ঠিত হতে হবে । তাছাড়া উপজেলা সহ-ব্যবস্থাপনা কমিটি বা মৎস্য কর্মকর্তার আদেশে প্রয়োজন অনুযায়ী বিশেষ সভা অনুষ্ঠিত হবে । মৎস্য কর্মকর্তার সভাপতিত্বে নিয়মিত সভা অনুষ্ঠিত হবে । নিয়মিত সভায় কমিউনিটি ফিশ গার্ডের দলনেতা সম্পাদিত কর্মকান্ড আলোচনা করবেন, ফিশ গার্ডের সদস্যগণ পারস্পরিক মত বিনিময় করবেন, কোনো উদ্ভূত পরিস্থিতি নিয়ে আলোচনা করবেন, এবং মৎস্য কর্মকর্তা ফিশ গার্ডদের কাজের মূল্যায়ন করবেন ।

## কমিউনিটি ফিশ গার্ড কার্যক্রম মনিটরিং ও রিপোর্টিং

উপজেলা সহ-ব্যবস্থাপনা কমিটি সার্বিকভাবে কমিউনিটি গার্ডের সকল কার্যক্রম তদারকি করবে । কমিউনিটি ফিশ গার্ডের দলনেতা প্রতি মাসে তাদের কর্মকান্ডের প্রতিবেদন সহ-ব্যবস্থাপনা কমিটির কাছে জমা দেবে যা উপজেলা সহ-ব্যবস্থাপনা কমিটির মাসিক সভায় উপস্থাপন করা হবে ।

## কমিউনিটি ফিশ গার্ডদের দায়িত্ব ও কর্তব্য

ইলিশ সম্পদ সংরক্ষণ সম্পর্কিত সরকারি নীতিমালা বাস্তবায়নে মৎস্য অধিদপ্তরসহ আইন শৃঙ্খলাবাহিনীকে সহায়তা করাই হচ্ছে ইলিশ গার্ডদের সার্বিক দায়িত্ব । এ লক্ষ্যে ইলিশ গার্ডদের সুনির্দিষ্ট দায়িত্ব ও কর্তব্যসমূহ নিম্নরূপ:

- সংশ্লিষ্ট অভয়াশ্রমের নির্ধারিত অংশে পাহারা কার্যক্রম নিষ্ঠার সাথে পালন করা
- মাছ ধরার নিষিদ্ধকালীন সময়ে নিজেরা মাছ না ধরা এবং অন্যদের মাছ ধরা থেকে বিরত রাখা
- মাছ ধরার নিষিদ্ধকালীন সময়ে কাউকে মাছ ধরতে দেখলে বাঁধা দেয়া এবং তাৎক্ষণিকভাবে তা জেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাকে এবং কোস্ট-গার্ড/নৌ-পুলিশ/স্থানীয় জনপ্রতিনিধিকে অবহিত করা
- উপজেলা সহ-ব্যবস্থাপনা কমিটির সভায় অবৈধভাবে মৎস্য সম্পদ আহরণ সম্পর্কে তথ্য প্রদান করা এবং আলোচনা করা
- নিজেরা অবৈধ জাল ব্যবহার না করা এবং অন্য জেলেদেরকেও অবৈধ জাল ব্যবহার থেকে বিরত রাখা
- নিজেরা জাটকা না ধরা এবং অন্য জেলেদেরকেও জাটকা ধরা থেকে বিরত রাখা
- নদীতে কাউকে জাটকা ধরতে বা অবৈধ জাল ব্যবহার করতে দেখলে তা বন্ধ করা এবং তাৎক্ষণিকভাবে তা জেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাকে এবং কোস্ট-গার্ড/নৌ-পুলিশ/স্থানীয় জনপ্রতিনিধিকে অবহিত করা
- অবৈধভাবে আহরিত মৎস্য, মৎস্য আহরণ সরঞ্জামাদি বা অন্যান্য সম্পদ জব্দ করলে তার একটি তালিকা তৈরি করা এবং উপজেলা মৎস্য অফিসে জমা দেয়া বা পরামর্শক্রমে ব্যবস্থা গ্রহণ করা

- মৎস্য অধিদপ্তর, কোস্ট-গার্ড, নৌ-পুলিশ ও স্থানীয় সরকারের সাথে যোগাযোগ রাখা
- পাহারা কার্যক্রমে কোন বিপদের সম্মুখীন হলে তাৎক্ষণিকভাবে তা জেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাকে এবং কোস্ট-গার্ড/নৌ-পুলিশ/স্থানীয় জনপ্রতিনিধিকে অবহিত করা এবং সাহায্য চাওয়া
- নিজ নিজ পরিবার এবং ইলিশের উপর নির্ভরশীল বন্ধু-বান্ধব ও আত্মীয়-স্বজনের সাথে ইলিশ সংরক্ষণ ও এর প্রয়োজনীয়তা বিষয়ে আলোচনা করা
- হাজিরা বা রেজিষ্টার খাতায় টহল শুরু ও শেষ হওয়ার সময় উল্লেখপূর্বক স্বাক্ষর করা
- প্রত্যেক মাসের শেষে পাহারা কার্যক্রমের দলীয় প্রতিবেদন তৈরি করা এবং সহ-ব্যবস্থাপনা কমিটির মাসিক সভায় তা উপস্থাপন করা ।

# অধিবেশন-৪

**সময়: ১২.১৫** **মেয়াদ: ৪৫ মিনিট**

**শিরোনাম** : জাটকা ও মা ইলিশ রক্ষার প্রয়োজনীয়তা, ইলিশ সম্পদ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা (HFMAP) বাস্তবায়নে সরকারি বিধিমালা

**উদ্দেশ্য** : এই অধিবেশনে অংশগ্রহণকারীগণ -

- জাটকা ও মা ইলিশ রক্ষার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবেন
- ইলিশ সম্পদ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা (HFMAP) বাস্তবায়নে সরকারি বিধিমালা সম্পর্কে জানতে পারবেন

## অধিবেশন পরিচালন নির্দেশিকা

| ক্রম. | আলোচ্য বিষয়সমুহ | উপস্থাপন কৌশল/পদ্ধতি | উপকরণ | সময়কাল |
|---|---|---|---|---|
| ০১ | জাটকা ও মা ইলিশ সংরক্ষণের প্রয়োজনীয়তা | ▪ ২০-৩০ বছর আগে ইলিশের প্রাপ্যতা সম্পর্কে প্রশিক্ষণার্থীদের অভিজ্ঞতা শুনুন ।<br>▪ জানতে চান আগে যে পরিমাণ ইলিশ পাওয়া যেত এখন তার তুলনায় কম না বেশি ইলিশ পাওয়া যায় । সম্ভাব্য উত্তর হবে কম পাওয়া যায় ।<br>▪ জানতে চান এখন কেন কম ইলিশ পাওয়া যায় । উত্তরের সূত্র ধরে সহায়ক তথ্য অনুসরণ করে জাটকা ও মা ইলিশ সংরক্ষণের প্রয়োজনীয়তা আলোচনা করুন । | সহায়ক তথ্য | ১৫ মিনিট |
| ০২ | ইলিশ সম্পদ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা (HFMAP) বাস্তবায়নে সরকারি বিধিমালা | ▪ জানতে চান, আপনারা কখন ইলিশ মাছ ধরতে যান না? কেন?<br>▪ জানতে চান, মাছ শিকার করতে গিয়ে সাধারণতঃ কোন জালগুলো ব্যবহার হয়<br>▪ **ফ্লাশ কার্ড সেট** এর সাহায্যে জালের বিভিন্ন ছবিগুলো একে একে উপস্থাপন করুন ।<br>▪ প্রশ্ন করুন কোন জালে কোন ধরনের মাছ ধরা পড়ে এবং এর ফাঁসের আকার কত?<br>▪ জানতে চান কোন জালগুলো বৈধ এবং কোন জালগুলো অবৈধ এবং সে অনুযায়ী বৈধ জালগুলোকে একটি সারিতে এবং অবৈধ জালগুলোকে আরেকটি সারিতে সাজান ।<br>▪ সদস্যদের মধ্য থেকে একজনকে সামনে ডেকে নিয়ে যে জালগুলো বৈধ সেগুলো কেন বৈধ এবং অন্যগুলো কেন অবৈধ তা আলোচনা করতে বলুন ।<br>▪ উত্তরের সূত্র ধরে সহায়ক তথ্য অনুসরণ করে অভয়াশ্রমে আরোপিত সরকারি বিধিমালা বর্ণনা করুন । | ফ্লাশকার্ড/ প্রকৃত বস্তু, সহায়ক তথ্য | ২৫ মিনিট |
| ০৪ | সার-সংক্ষেপ | প্রশ্নোত্তরের মাধ্যমে অধিবেশনের মূল শিখনগুলো পর্যালোচনা করুন । | সহায়ক তথ্য | ৫ মিনিট |

## ফ্লাশকার্ড সেট- মাছ ধরার জাল


চেউয়া জাল


কাচকি জাল


কারেন্ট জাল


চোরা জাল


কোরাল জাল


মশারী জাল


চর ঘেরা জাল


বাঁধা জাল


চান্দি জাল


সুতা কোড জাল


ঝাকি জাল


বেহুন্দি জাল

**সহায়ক তথ্য**

## জাটকা ও মা ইলিশ সংরক্ষণের প্রয়োজনীয়তা

আমাদের দেশে ১০ ইঞ্চির কম দৈর্ঘ্যের ইলিশকে জাটকা বলা হয় । আজকের জাটকা আগামী দিনের ইলিশ । জাটকা ধরা হলে পরিপক্কতা লাভ করে বড় ইলিশে পরিণত হওয়ার এবং পরবর্তীতে বংশবৃদ্ধির সুযোগ থাকেনা ।

প্রাকৃতিক ভাবে মা ইলিশ নদীতে ডিম ছাড়ার পর তা থেকে পোনা বড় হয়ে জাটকা এবং পরবর্তীতে বড় ইলিশে পরিণত হয় । একটি মা ইলিশ ২.৫ লক্ষ থেকে শুরু করে ২৩ লক্ষ পর্যন্ত ডিম ছাড়ে অর্থাৎ একটি মা ইলিশ ধরলে ২৩ লক্ষ পোনা উৎপাদন বন্ধ হয় ।

জাটকা ও ডিমওয়ালা মা ইলিশ ধরার কারণে ইলিশের উৎপাদন কমে যায় এবং নদীতে কম পরিমাণে ইলিশ ধরা পড়ে । কম মাছ ধরা পড়লে জেলেদের উপার্জনও কমে যায় । তাই ইলিশের ভবিষ্যৎ উৎপাদন এবং জেলেদের উপার্জন বৃদ্ধির জন্যই জাটকা ও মা ইলিশ সংরক্ষণ করা অত্যন্ত প্রয়োজন ।

## জাটকা ও মা ইলিশ সংরক্ষণের জন্য অভয়াশ্রমে আরোপিত সরকারি বিধিমালা

### জাটকা সংরক্ষণে সরকারি বিধিমালা (সংকলিত)

- ৪.৫ সে.মি. (২ ইঞ্চি) বা তার কম আকারের ফাঁসজাল ব্যবহার অবৈধ
- মনোফিলামেন্ট ফাঁস জাল বা কারেন্ট জাল, চরঘেরা জাল, বেড় জাল এবং বেহুন্দিজাল ব্যবহার নিষিদ্ধ
- পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার আন্ধারমানিক নদীর ৪০ কি.মি. এলাকায় নভেম্বর হতে জানুয়ারী পর্যন্ত এবং অন্যান্য অভয়াশ্রমে মার্চ হতে এপ্রিল পর্যন্ত সকল প্রকার মাছ ধরা নিষিদ্ধ
- অভয়াশ্রম ছাড়াও সকল নদীতে ১ নভেম্বর হতে ৩০ জুন মাস পর্যন্ত জাটকা ধরা, পরিবহন, বাজারজাতকরণ, বিক্রয় ও দখলে রাখা নিষেধ
- আইন অমান্যকারী সর্বনিম্ন ১ বছর থেকে সর্বোচ্চ ২ বছর কারাদন্ড বা সর্বোচ্চ ৫,০০০ টাকা জরিমানা বা উভয় দন্ডে দন্ডিত হবেন ।

### মা ইলিশ সংরক্ষণে সরকারি বিধিমালা (সংকলিত)

- অভয়াশ্রমসহ সকল নদ-নদীতে অক্টোবর বা আশ্বিন-কার্তিক মাসের বড় পূর্ণিমার আগের ৪দিন, পূর্ণিমার ১ দিন এবং পূর্ণিমার পরবর্তী ১৭ দিন অর্থাৎ মোট ২২ দিন সকল প্রকারের মাছ ধরা, পরিবহন, বিক্রয় বা দখলে রাখা নিষেধ
- আইন অমান্যকারী সর্বনিম্ন ১ বছর থেকে সর্বোচ্চ ২ বছর কারাদন্ড বা সর্বোচ্চ ৫,০০০ টাকা জরিমানা বা উভয় দন্ডে দন্ডিত হবেন ।

# অধিবেশন-৫

| **সময়: ১৪.০০** | **মেয়াদ: ৬০ মিনিট** |
|---|---|

**শিরোনাম** : ইলিশ অভয়াশ্রম পাহারা কার্যক্রমে অংশগ্রহণকারী আইন প্রয়োগকারী প্রতিষ্ঠানসমূহ ও তাদের ভূমিকা

**উদ্দেশ্য** : এই অধিবেশনে অংশগ্রহণকারীগণ -

- ইলিশ অভয়াশ্রম পাহারা কার্যক্রমে অংশগ্রহণকারী আইন প্রয়োগকারী প্রতিষ্ঠানসমূহ ও তাদের ভূমিকা ব্যাখ্যা করতে পারবেন ।
- মৎস্য বিভাগ ও আইন প্রয়োগকারী সংস্থার সাথে সংযোগ স্থাপন কৌশল ব্যাখ্যা করতে পারবেন এবং করণীয় ঠিক করতে পারবেন ।

**অধিবেশন পরিচালন নির্দেশিকা**

| ক্রম. | আলোচ্য বিষয়সমুহ | উপস্থাপন কৌশল/পদ্ধতি | উপকরণ | সময়কাল |
|---|---|---|---|---|
| ০১ | ইলিশ অভয়াশ্রম পাহারা কার্যক্রমে অংশগ্রহণকারী আইন প্রয়োগকারী প্রতিষ্ঠানসমূহ ও তাদের ভূমিকা | ▪ জানতে চান, মাছ ধরার নিষিদ্ধকালীন সময়ে মাছ রক্ষায় কোন কোন আইন প্রয়োগকারী সংস্থা কাজ করে? উত্তর শুনে ফ্লিপচার্ট কাগজে তা লিপিবদ্ধ করুন এবং সহায়ক তথ্য অনুসরণ করে তাদের ভূমিকা আলোচনা করুন । | সহায়ক তথ্য | ৩০ মিনিট |
| ০২ | মৎস্য অধিদপ্তর ও আইনপ্রয়োগকারী সংস্থার সাথে সংযোগ স্থাপনে কমিউনিটি ফিশ গার্ডদের করণীয় | ▪ প্রশ্ন করুন, কমিউনিটি ফিশ গার্ডদের পাহারা কার্যক্রমকে সফল করার জন্য কার কার সাহায্য প্রয়োজন হবে? উত্তর শুনে ফ্লিপচার্টে একটি তালিকা ।<br>▪ জানতে চান, এদের কাছ থেকে সহায়তা পেতে হলে কি কি কাজ করা দরকার?<br>▪ উত্তরের সূত্র ধরে সহায়ক তথ্য অনুসরণ করে সংযোগ স্থাপনের কৌশল ও সদস্যদের করণীয় আলোচনা করুন । | সহায়ক তথ্য | ২৫ মিনিট |
| ০৩ | সার-সংক্ষেপ | প্রশ্নোত্তরের মাধ্যমে অধিবেশনের মূল শিখনগুলো পর্যালোচনা করুন । | সহায়ক তথ্য | ০৫ মিনিট |

## ইলিশ অভয়াশ্রম পাহারা কার্যক্রমে অংশগ্রহণকারী আইন প্রয়োগকারী প্রতিষ্ঠানসমূহ ও তাদের ভূমিকা

### মৎস্য অধিদপ্তর

দেশের মৎস্য সম্পদ সংরক্ষণে স্থানীয় প্রশাসনের সহায়তায় মৎস্য বিভাগ মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন এবং দেশের উন্মুক্ত জলাশয় ব্যবস্থাপনা নিয়ে আন্তঃমন্ত্রণালয়ের মধ্যে সমন্বয় সাধন করে। এছাড়াও মৎস্য অধিদপ্তর নিম্ন লিখিত কাজগুলো করে থাকে -

- জেলেদের জন্য খাদ্য সহায়তা প্রদান
- বিকল্প কর্মসংস্থানের জন্য জেলেদের প্রয়োজনীয় উপকরণ সরবরাহ ও প্রশিক্ষণ প্রদান
- প্রকৃত জেলে শনাক্তকরণ ও আইডি কার্ড প্রদান

### কোস্টগার্ড ও নৌ-পুলিশ

- মৎস্য সম্পদ সংরক্ষণ করা
- নদীর পানি দূষণ রোধ করা
- নিরাপত্তা নিশ্চিত করা
- আইন-শৃঙ্খলা রক্ষা করা
- ত্রাণ বিতরণ কাজে অংশগ্রহণ করা
- উপকূলে উদ্ধার কাজে অংশগ্রহণ করা
- মাছ ধরার অবৈধ জাল ও যন্ত্রপাতি জব্দ করা
- মৎস্য আইন অমান্যকারীকে আইনের আওতায় নিয়ে আসা
- নদী ও সমুদ্র পাহারা দেয়া
- জলদস্যু দমন করা।

### মৎস্য অধিদপ্তর ও আইনপ্রয়োগকারী সংস্থার সাথে সংযোগ স্থাপনে কমিউনিটি ফিশ গার্ডদের করণীয়

- সংশ্লিষ্ট কর্মকর্তাদের (মৎস্য অধিদপ্তর, কোস্ট-গার্ড, নৌ-পুলিশ, স্থানীয় জনপ্রতিনিধি, ওয়ার্ল্ডফিশ ও সহযোগি এনজিও) সাথে প্রয়োজন অনুযায়ী সাক্ষাৎ করা এবং মোবাইলে যোগাযোগ করা
- সংশ্লিষ্ট কর্মকর্তাদের (মৎস্য অধিদপ্তর, কোস্ট-গার্ড, নৌ-পুলিশ, স্থানীয় জনপ্রতিনিধি, ওয়ার্ল্ডফিশ ও সহযোগি এনজিও) সাথে নিয়মিত সভায় অংশগ্রহণ করা
- মৎস্য অধিদপ্তর ও স্থানীয় প্রশাসনকে অবৈধ জেলের তথ্য গোপনে সরবরাহ করা
- সরকার ঘোষিত বিভিন্ন কার্যক্রম যেমন মৎস্য সপ্তাহ ও জাটকা সংরক্ষণ সপ্তাহ উদযাপন ও র‍্যালী, আলোচনা সভা ইত্যাদিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করা এবং দায়িত্ব পালন করা

# অধিবেশন-৬

**সময়: ১৫.১৫** **মেয়াদ: ৪৫ মিনিট**

**শিরোনাম** : পাহারা কার্যক্রম বাস্তবায়ন প্রক্রিয়া, পাহারা কার্যক্রমে কমিউনিটি ফিশ গার্ডদের ঝুঁকি বিশ্লেষণ এবং করণীয়

**উদ্দেশ্য** : এই অধিবেশনে অংশগ্রহণকারীগণ -

- পাহারা কার্যক্রম বাস্তবায়ন প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবেন
- পাহারা কার্যক্রমে নিরাপত্তা ও ঝুঁকি বিশ্লেষণ করতে পারবেন এবং করণীয় ঠিক করতে পারবেন ।

**অধিবেশন পরিচালন নির্দেশিকা**

| ক্রম. | আলোচ্য বিষয়সমুহ | উপস্থাপন কৌশল/পদ্ধতি | উপকরণ | সময়কাল |
|---|---|---|---|---|
| ০১ | পাহারা কার্যক্রম বাস্ত বায়ন প্রক্রিয়া | ▪ প্রশ্ন করুন, পাহারা কার্যক্রমের জন্য কি কি কাজ করা দরকার?<br>▪ উত্তর শুনে কাজের একটি তালিকা তৈরি করুন এবং সহায়ক তথ্য অনুসরণ করে পাহারা দল সদস্যদের দায়িত্ব ও কর্তব্য এবং বাস্তবায়ন প্রক্রিয়া আলোচনা করুন । | সহায়ক তথ্য | ২০ মিনিট |
| ০২ | পাহারা কার্যক্রমে কমিউনিটি ফিশ গার্ডদের নিরাপত্তা ও ঝুঁকি বিশ্লেষণ এবং করণীয় | ▪ জানতে চান, পাহারা কার্যকমে কি কি ঝুঁকি আসতে পারে? উত্তর ভিপকার্ডে লিখুন এবং ঝুলিয়ে দিন বা সামনে বিছিয়ে রাখুন ।<br>▪ তারপর প্রত্যেকটি ঝুঁকি মোকাবেলায় সহায়ক তথ্য অনুসরণ করে আলোচনা করুন । | সহায়ক তথ্য | ২০ মিনিট |
| ০৩ | সার-সংক্ষেপ | প্রশ্নোত্তরের মাধ্যম্যে অধিবেশনের মূল শিখনগুলো পর্যালোচনা করুন । | সহায়ক তথ্য | ৫ মিনিট |

## পাহারা কার্যক্রম বাস্তবায়ন প্রক্রিয়া

১. উপজেলা সহ-ব্যবস্থাপনা কমিটি পাহারাদল প্রতিনিধির (দলনেতা বা যে কোন সদস্য) উপস্থিতিতে নির্দিষ্ট অভয়াশ্রমের সাথে সম্পৃক্ত পাহারাদলের টহল এলাকা নির্দিষ্ট করবেন এবং ইলিশ গার্ডের সংখ্যা অনুযায়ী উপদল (কমপক্ষে ৩ সদস্য বিশিষ্ট) গঠন করে টহল নির্ধারিত ফরম অনুযায়ী পরিকল্পনা তৈরি করবেন ।

২. নির্ধারিত টহল এলাকার দায়িত্বে নিয়োজিত কমিউনিটি ফিশ গার্ডবৃন্দ পালাক্রমে দিনে ও রাতে পাহারা দিবেন ।

৩. পাহারা কার্যক্রমে কমিউনিটি ফিশ গার্ডদের দায়িত্ব পালনকালে উপজেলা সহ-ব্যবস্থাপনা কমিটি, সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তার সাথে কোস্ট-গার্ড বা নৌ-পুলিশের সমন্বয় থাকবে এবং প্রয়োজনে তাঁদের সহযোগীতা গ্রহণ করবেন ।

৪. কমিউনিটি ফিশ গার্ডবৃন্দ একটি হাজিরা বা রেজিষ্টার খাতায় টহল শুরু ও শেষ হওয়ার সময় উল্লেখপূর্বক হাজিরা দিবেন ।

৫. পাহারা দলের সকল কমিউনিটি ফিশ গার্ড মাসে অন্ততঃ ১ বার একত্রিত হয়ে একসাথে নির্দিষ্ট এলাকা টহল দিবেন ।

৬. কমিউনিটি ফিশ গার্ডদের দলনেতা উপজেলা সহ-ব্যবস্থাপনা কমিটির পরামর্শক্রমে টহল দলের সদস্যদের দৈনন্দিন টহল তদারকি করবেন এবং রেজিস্টার খাতায় টহল শুরু ও শেষ হওয়ার সময় এবং হাজিরা নিশ্চিত করবেন যা সহ-ব্যবস্থাপনা কমিটির মাসিক সভায় প্রত্যয়িত হবে ।

৭. সহ-ব্যবস্থাপনা কমিটির মাসিক সভায় কমিউনিটি ফিশ গার্ডদের দলীয় প্রতিবেদন পর্যালোচনা করা হবে এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে ।

## কমিউনিটি ফিশ গার্ডদের নিরাপত্তা ও ঝুঁকি বিশ্লেষণ এবং করণীয়

টহলকালীন সময়ে কমিউনিটি ফিশ গার্ডবৃন্দ কিছু বিপদের সম্মুখিন হতে পারেন । যেমন -

- অবৈধভাবে মাছ আহরণকারী বা অবৈধ জাল ব্যবহারকারীর পক্ষের ক্ষমতাধর ব্যক্তির দ্বারা লাঞ্চিত হওয়া
- ভুলবশতঃ আইন-শৃঙ্খলা বাহিনী কর্তৃক ধরে নিয়ে যাওয়া
- ঝড়ের কবলে পড়া
- নৌকা ডুবি
- জল দস্যুর আক্রমণ
- জীব-জন্তু বা পোকা-মাকড়ের কামড়
- কেউ হঠাৎ অসুস্থ হয়ে পড়া ইত্যাদি ।

এসব বিপদ মোকাবেলায় কমিউনিটি ফিশ গার্ডদের নিচের কাজগুলো করতে হবে:

- নির্দিষ্ট সময়ানুযায়ী দলবদ্ধভাবে টহলে যেতে হবে এবং কোন অবস্থাতেই জীবনের ঝুঁকি নেয়া যাবে না
- টহলকালীন সময়ে নির্দিষ্ট পোশাক (ইউনিফরম) পরিধান করতে হবে
- কোস্ট-গার্ড বা নৌ-পুলিশকে সাথে নিতে হবে বা যোগাযোগ রাখতে হবে
- নির্ধারিত টহল এলাকায় টহল দিতে হবে; কোনো অবস্থাতেই অনুমতি ব্যতীত টহলের স্থান পরিবর্তন করা যাবেনা
- খারাপ আবহাওয়ায় লাইফ-জ্যাকেট পরিধান করতে হবে এবং সাবধানে থাকতে হবে
- টহলকালীন সময়ে আইডি কার্ড, গাম-বুট, টর্চ লাইট, বাঁশি, ছাতা, মোবাইল ফোন ও হ্যান্ড মাইক সাথে রাখতে হবে
- বিপদে পড়লে বা কারো দ্বারা আক্রান্ত হলে তাৎক্ষণিকভাবে জেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাকে এবং কোস্ট-গার্ড/নৌ-পুলিশ/স্থানীয় জনপ্রতিনিধিকে অবহিত করতে হবে এবং সাহায্য চাইতে হবে
- সাহায্যকারী ব্যক্তি বা কর্মকর্তা-কর্মচারীর মোবাইল ফোন নম্বরের তালিকা কাছে রাখতে হবে ।

**টহল পরিকল্পনা ফরম (নমুনা)**

# ইলিশ অভয়াশ্রম সহ-ব্যবস্থাপনায় ইলিশ গার্ডের মাসিক টহল পরিকল্পনা

সময়কাল: ....................

পাহারা দলের নাম: ........................................................গ্রাম: .........................................,
ইউনিয়ন: ........................., উপজেলা: ......................, জেলা: .............................. ।

| সপ্তাহ | টহল এলাকা | উপদল নং | দায়িত্ব প্রাপ্ত ইলিশ গার্ডদের নাম | পাহারা দেয়ার সময় |
|---|---|---|---|---|
| ১ম সপ্তাহ | আন্ধারমানিক | ১ | রহিম, ফয়েজ, লোকমান | সকাল ৬টা-দুপুর ১২টা |
| | ঐ | ২ | করিম, মাসুদ, কায়ছার ও অন্যান্য | দুপুর ১২-সন্ধ্যা ৬টা |
| | ঐ | ৩ | বাবুল, তপন, মোতালেব ও অন্যান্য | সন্ধ্যা ৬টা - রাত ১২টা |
| | ঐ | ৪ | বিধান, শহিদুল, সারওয়ার ও অন্যান্য | রাত ১২-সকাল ৬টা |
| ২য় সপ্তাহ | ঐ | ২ | করিম  মাসুদ , কায়ছার ও অন্যান্য | সকাল ৬টা-দুপুর ১২টা |
| | ঐ | ৩ | বাবুল, তপন, মোতালেব ও অন্যান্য | দুপুর ১২-সন্ধ্যা ৬টা |
| | ঐ | ৪ | বিধান, শহিদুল, সারওয়ার ও অন্যান্য | সন্ধ্যা ৬টা - রাত ১২টা |
| | ঐ | ১ | রহিম, ফয়েজ, লোকমান ও অন্যান্য | রাত ১২-সকাল ৬টা |
| ৩য় সপ্তাহ | ঐ | ৩ | বাবুল, তপন, মোতালেব ও অন্যান্য | সকাল ৬টা-দুপুর ১২টা |
| | ঐ | ৪ | বিধান, শহিদুল, সারওয়ার ও অন্যান্য | দুপুর ১২-সন্ধ্যা ৬টা |
| | ঐ | ১ | রহিম, ফয়েজ, লোকমান ও অন্যান্য | সন্ধ্যা ৬টা - রাত ১২টা |
| | ঐ | ২ | করিম  মাসুদ , কায়ছার ও অন্যান্য | রাত ১২-সকাল ৬টা |
| ৪র্থ সপ্তাহ | ঐ | ৪ | বিধান, শহিদুল, সারওয়ার ও অন্যান্য | সকাল ৬টা-দুপুর ১২টা |
| | ঐ | ১ | রহিম, ফয়েজ, লোকমান ও অন্যান্য | দুপুর ১২-সন্ধ্যা ৬টা |
| | ঐ | ২ | করিম  মাসুদ , কায়ছার ও অন্যান্য | সন্ধ্যা ৬টা - রাত ১২টা |
| | ঐ | ৩ | বাবুল, তপন, মোতালেব ও অন্যান্য | রাত ১২-সকাল ৬টা |
| ৫ম সপ্তাহ | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

নাম ও স্বাক্ষর

------------------------------------

দলনেতা, ---------- ইলিশ গার্ডদল
তারিখ:..................

নাম ও স্বাক্ষর

----------------------------------

সভাপতি, উপজেলা সহ-ব্যবস্থাপনা কমিটি
তারিখ:..................

# অধিবেশন-৭

**সময়: ১৬.০০** **মেয়াদ: ৩০ মিনিট**

**শিরোনাম** : ইলিশ অভয়াশ্রম সহ-ব্যবস্থাপনায় কমিউনিটি ফিশ গার্ডদের মাসিক কর্ম পরিকল্পনা ও প্রতিবেদন তৈরি

**উদ্দেশ্য** : এই অধিবেশনে অংশগ্রহণকারীগণ -

- ইলিশ অভয়াশ্রম সহ-ব্যবস্থাপনার জন্য কর্ম পরিকল্পনা করতে পারবেন

## অধিবেশন পরিচালন নির্দেশিকা

| ক্রম. | আলোচ্য বিষয়সমুহ | উপস্থাপন কৌশল/পদ্ধতি | উপকরণ | সময়কাল |
|---|---|---|---|---|
| ০১ | কমিউনিটি ফিশ গার্ডবৃন্দের কর্ম পরিকল্পনা তৈরি | ▪ ইলিশ অভয়াশ্রম সহ-ব্যবস্থাপনায় কমিউনিটি ফিশ গার্ডদের কর্ম পরিকল্পনা তৈরির জন্য নির্ধারিত পরিকল্পনা ফরমটি বুঝিয়ে দিন।<br>▪ তারপর নির্ধারিত ফরমে প্রত্যেক পাহারাদলকে কর্ম-পরিকল্পনা তৈরি করে উপস্থাপন করতে অনুরোধ করুন।<br>▪ উপস্থাপনের সময় কোনো সংযোজন-বিয়োজন থাকলে তা সকলের মতামতের ভিত্তিতে সংশোধন করতে বলুন। | কর্ম পরিকল্পনা ফরম | ১৫ মিনিট |
| ০২ | দলীয় মাসিক প্রতিবেদন তৈরি | ইলিশ গার্ডদের মাসিক প্রতিবেদন তৈরির নমুনা ফরমটি বুঝিয়ে দিন এবং প্রতি মাসের শেষে প্রতিবেদন তৈরি করে উপজেলা সহ-ব্যবস্থাপনা কমিটির মাসিক সভায় উপস্থাপন করতে অনুরোধ করুন। | | ১০ মিনিট |
| ০৩ | সার-সংক্ষেপ | প্রশ্নোত্তরের মাধ্যম্যে কর্ম পরিকল্পনার মূল বিষয়গুলো পর্যালোচনা করুন। | | ০৫ মিনিট |

**প্রতিবেদন ফরম (নমুনা)**

## ইলিশ অভয়াশ্রম সহ-ব্যবস্থাপনায় কমিউনিটি ফিশ গার্ডের দলীয় মাসিক প্রতিবেদন

সময়কাল: ....................

পাহারা দলের নাম: ........................................................গ্রাম: .........................................,
ইউনিয়ন: .........................., উপজেলা: ......................, জেলা: ..............................

| কাজের বিবরণ | কি করেছেন ও ফলাফল | মন্তব্য |
|---|---|---|
| পাহারা সম্পর্কিত | | |
| সচেতনতামূলক কার্যক্রম | | |
| বিভিন্ন সংস্থার সাথে যোগাযোগ | | |
| অন্যান্য | | |

নাম ও স্বাক্ষর

------------------------------------

দলনেতা, ---------- ইলিশ গার্ডদল
তারিখ:..................

নাম ও স্বাক্ষর

----------------------------------

সভাপতি, উপজেলা সহ-ব্যবস্থাপনা কমিটি
তারিখ:..................

# অধিবেশন-৮

**সময়: ১৬.৩০** **মেয়াদ: ৩০ মিনিট**

**শিরোনাম** : প্রশিক্ষণ পরবর্তী শিখন যাচাই, প্রশিক্ষণ কোর্স মূল্যায়ন ও সমাপনী

**উদ্দেশ্য** : এই অধিবেশনে অংশগ্রহণকারীগণ

- প্রশিক্ষণ পরবর্তী শিখন মূল্যায়ন করতে পারবেন
- প্রশিক্ষণের সমাপ্তি ঘটবে ।

## অধিবেশন পরিচালন নির্দেশিকা

| ক্রম. | আলোচ্য বিষয়সমুহ | উপস্থাপন কৌশল/পদ্ধতি | উপকরণ | সময়কাল |
|---|---|---|---|---|
| ০১ | প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন | প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পত্রের নির্দেশনা অনুসরণ করে পোস্ট-টেষ্ট ও কোর্স মূল্যায়ন সম্পন্ন করুন । | পোস্ট-টেস্ট প্রশ্নপত্র | ২৫ মিনিট |
| ০২ | ধন্যবাদ জ্ঞাপন ও সমাপ্তি ঘোষণা | মূল্যায়ন শেষে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন ও সমাপ্তি ঘোষণা করুন । | | ৫ মিনিট |

# প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন

প্রশিক্ষণের নাম: অভয়াশ্রম সহ-ব্যবস্থাপনায় কমিউনিটি ফিশ গার্ড কার্যক্রম বিষয়ক প্রশিক্ষণ

প্রশিক্ষণের স্থান: ........................................................................... সময়কাল: ১ দিন

প্রশিক্ষণার্থী: কমিউনিটি ফিশ গার্ডবৃন্দ প্রশিক্ষণার্থীর সংখ্যা: ............ তারিখ: ................

**সহায়কের জন্য নির্দেশনা:**

অধিবেশনের শুরুতে প্রশিক্ষণার্থীদের ইউ (U) আকৃতিতে দাঁড়াতে বলুন। নিচের ছক থেকে একটি করে উক্তি উপস্থাপন করুন এবং ডানদিকের উত্তর তিনটি বলুন। প্রতিটি উত্তরের ক্ষেত্রে যারা একমত তাদের হাত তুলতে বলুন। এবার হাত গুনে কতজন একমত তা খালি ঘরে রেকর্ড করুন। এভাবে সবগুলো উক্তি উপস্থাপন করে তাদের মতামত জানুন এবং রেকর্ড করুন।

| ক্রম. | উক্তি | উত্তর (কতজন?) | উত্তর (কতজন?) | উত্তর (কতজন?) |
|---|---|---|---|---|
| ১. | মাছের অভয়াশ্রম বলতে বুঝায় | মাছের নিরাপদ প্রজনন ক্ষেত্র | মাছের নিরাপদ আবাসস্থল | দু'টোই |
| | | | | |
| ২. | মাছের অভয়াশ্রমে | মা মাছ ধরা নিষিদ্ধ থাকে | সকল মাছ ধরা নিষিদ্ধ থাকে | জাটকা ধরা নিষিদ্ধ থাকে |
| | | | | |
| ৩. | সহ-ব্যবস্থাপনা হচ্ছে মৎস্য সম্পদ সংরক্ষণ কার্যক্রমে | সরকারের একক প্রচেষ্টা | সম্পদ ব্যবহারকারীর একক প্রচেষ্টা | সরকারের সাথে সম্পদ ব্যবহারকারীর অংশগ্রহণ |
| | | | | |
| ৪. | ইলিশের ৫টি অভয়াশ্রম ছাড়াও আর কয়টি নতুন অভয়াশ্রম চিহ্নিত করা হয়েছে? | ১টি | ২টি | ৩টি |
| | | | | |
| ৫. | কমিউনিটি ফিশ গার্ডের দায়িত্ব হচ্ছে অবৈধ জাল ব্যবহারকারী ও অবৈধভাবে মাছ আহরণকারীকে | বাধা দেয়া | চিনে রাখা | বাধা দেয়া ও মৎস্য অধিদপ্তরকে অবহিত করা |
| | | | | |
| ৬. | পাহারা কার্যক্রম কিভাবে বাস্তবায়ন করা হবে? | এলাকাভিত্তিক ছোট দল গঠন করে | নিজ এলাকায় এককভাবে | অন্য এলাকায় একক বা দলীয়ভাবে |
| | | | | |
| ৭. | একটি মা ইলিশ ধরলে কি পরিমাণ পোনা উৎপাদন বন্ধ হয়ে যায় | ১২ লক্ষ পর্যন্ত | ১৭ লক্ষ পর্যন্ত | ২৩ লক্ষ পর্যন্ত |
| | | | | |
| ৮. | অবৈধ জালের ফাঁসের আকার কত? | ৪.৫ সে.মি. এর কম | ৫.৫ সে.মি. এর কম | ৬.৫ সে.মি. এর কম |
| | | | | |
| ৯. | টহল দেয়ার সময় সম্ভাব্য বিপদ প্রতিরোধের জন্য কি করতে হবে? | সময়ানুযায়ী এককভাবে টহলে যেতে হবে | সময়ানুযায়ী দলবদ্ধভাবে টহলে যেতে হবে | কোনোটিই নয় |
| | | | | |
| ১০. | মৎস্য আইন অমান্যকারী সর্বনিম্ন শাস্তি কত বছর? | ১ বছর | ২ বছর | ৩ বছর |
| | | | | |

# প্রশিক্ষণ পূর্ববর্তী/পরবর্তী মূল্যায়নের সঠিক উত্তরসমূহ

প্রশিক্ষণের নাম: অভয়াশ্রম সহ-ব্যবস্থাপনায় কমিউনিটি ফিশ গার্ড কার্যক্রম বিষয়ক প্রশিক্ষণ

প্রশিক্ষণের স্থান: ........................................................................ সময়কাল: ১ দিন

প্রশিক্ষণার্থী: কমিউনিটি ফিশ গার্ডবৃন্দ প্রশিক্ষণার্থীর সংখ্যা: ............ তারিখ: ................

**সহায়কের জন্য নির্দেশনা:**

প্রশিক্ষণ পূর্ববর্তী বা পরবর্তী মুল্যায়নের জন্য সঠিক উত্তরসমূহ নিচে চিহ্নিত করা হল। সঠিক উত্তরসমূহের সাথে মিল করে প্রশিক্ষণ পূর্ববর্তী বা পরবর্তী মুল্যায়ন যাচাই করুন।

| ক্রম. | উক্তি | উত্তর (কতজন?) | উত্তর (কতজন?) | উত্তর (কতজন?) |
|---|---|---|---|---|
| ১. | মাছের অভয়াশ্রম বলতে বুঝায় | মাছের নিরাপদ প্রজনন ক্ষেত্র | মাছের নিরাপদ আবাসস্থল | দু'টোই |
| | | | √ | |
| ২. | মাছের অভয়াশ্রমে | মা মাছ ধরা নিষিদ্ধ থাকে | সকল মাছ ধরা নিষিদ্ধ থাকে | জাটকা ধরা নিষিদ্ধ থাকে |
| | | | √ | |
| ৩. | সহ-ব্যবস্থাপনা হচ্ছে মৎস্য সম্পদ সংরক্ষণ কার্যক্রমে | সরকারের একক প্রচেষ্টা | সম্পদ ব্যবহারকারীর একক প্রচেষ্টা | সরকারের সাথে সম্পদ ব্যবহারকারীর অংশগ্রহণ |
| | | | | √ |
| ৪. | ইলিশের ৫টি অভয়াশ্রম ছাড়াও আর কয়টি নতুন অভয়াশ্রম চিহ্নিত করা হয়েছে? | ১টি | ২টি | ৩টি |
| | | √ | | |
| ৫. | কমিউনিটি ফিশ গার্ডের দায়িত্ব হচ্ছে অবৈধ জাল ব্যবহারকারী ও অবৈধভাবে মাছ আহরণকারীকে | বাধা দেয়া | চিনে রাখা | বাধা দেয়া ও মৎস্য অধিদপ্তরকে অবহিত করা |
| | | | | √ |
| ৬. | পাহারা কার্যক্রম কিভাবে বাস্তবায়ন করা হবে? | এলাকাভিত্তিক ছোট দল গঠন করে | নিজ এলাকায় এককভাবে | অন্য এলাকায় একক বা দলীয়ভাবে |
| | | √ | | |
| ৭. | একটি মা ইলিশ ধরলে কি পরিমাণ পোনা উৎপাদন বন্ধ হয়ে যায় | ১২ লক্ষ পর্যন্ত | ১৭ লক্ষ পর্যন্ত | ২৩ লক্ষ পর্যন্ত |
| | | | | √ |
| ৮. | অবৈধ জালের ফাঁসের আকার কত? | ৪.৫ সে.মি. এর কম | ৫.৫ সে.মি. এর কম | ৬.৫ সে.মি. এর কম |
| | | √ | | |
| ৯. | টহল দেয়ার সময় সম্ভাব্য বিপদ প্রতিরোধের জন্য কি করতে হবে? | সময়ানুযায়ী এককভাবে টহলে যেতে হবে | সময়ানুযায়ী দলবদ্ধভাবে টহলে যেতে হবে | কোনোটিই নয় |
| | | | √ | |
| ১০. | মৎস্য আইন অমান্যকারী সর্বনিম্ন শাস্তি কত বছর? | ১ বছর | ২ বছর | ৩ বছর |
| | | √ | | |

# প্রশিক্ষণ পূর্ববর্তী ও পরবর্তী মূল্যায়নের তুলনামূলক বিশ্লেষণ

প্রশিক্ষণের নাম: অভয়াশ্রম সহ-ব্যবস্থাপনায় কমিউনিটি ফিশ গার্ড কার্যক্রম বিষয়ক প্রশিক্ষণ

প্রশিক্ষণের স্থান: ........................................................................ সময়কাল: ১ দিন

প্রশিক্ষণার্থী: কমিউনিটি ফিশ গার্ডবৃন্দ প্রশিক্ষণার্থীর সংখ্যা: ............ তারিখ: ................

**সহায়কের জন্য নির্দেশনা:**

নিচের ছক অনুযায়ী প্রতিটি উক্তির ক্ষেত্রে শতকরা কত ভাগ (%) প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ পরবর্তী এবং পূর্ববর্তী মূল্যায়নে সঠিক উত্তর দিয়েছেন তা নির্দিষ্ট কলামে লিখুন। "পরিবর্তন" কলামে ইতিবাচক না নেতিবাচক পরিবর্তন হয়েছে তা লিখুন। পরিশেষে সকল উক্তির সঠিক উত্তরদাতার উপর ভিত্তি করে মন্তব্যের ঘরে সার্বিকভাবে প্রশিক্ষণার্থীদের মধ্যে ইতিবাচক না নেতিবাচক পরিবর্তন এসেছে সে বিষয়ে মন্তব্য করুন।

| ক্রম. | উক্তি | সঠিক উত্তরদাতা (%) | | পরিবর্তন (ইতিবাচক / নেতিবাচক) |
|---|---|---|---|---|
| | | প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন | প্রশিক্ষণ পূর্ববর্তী মূল্যায়ন | |
| ১. | | | | |
| ২. | | | | |
| ৩. | | | | |
| ৪. | | | | |
| ৫. | | | | |
| ৬. | | | | |
| ৭. | | | | |
| ৮. | | | | |
| ৯. | | | | |
| ১০. | | | | |

**মন্তব্য:**

# প্রশিক্ষণ কোর্স মূল্যায়ন

প্রশিক্ষণের নাম: অভয়াশ্রম সহ-ব্যবস্থাপনায় কমিউনিটি ফিশ গার্ড কার্যক্রম বিষয়ক প্রশিক্ষণ

প্রশিক্ষণের স্থান: ........................................................................ সময়কাল: ১ দিন

প্রশিক্ষণার্থী: কমিউনিটি ফিশ গার্ডবৃন্দ প্রশিক্ষণার্থীর সংখ্যা: ............ তারিখ: ................

**সহায়কের জন্য নির্দেশনা:**

প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের নিচের ছক অনুযায়ী একটি করে প্রশ্ন করার পর তাদের সম্মতি অনুযায়ী কতজন খুব খুশি ☺, কতজন মোটামুটি খুশি 😐 এবং কতজন অখুশি ☹ তা নির্দিষ্ট কলামে রেকর্ড করুন। প্রশিক্ষণের মান উন্নয়নের জন্য তাদের পরামর্শ ৯ নং প্রশ্নে উল্লেখ করুন।

| ক্রম. | প্রশ্ন | মতামত | | |
|---|---|---|---|---|
| | | ☺ | 😐 | ☹ |
| ১. | উদ্দেশ্য অনুযায়ী কোর্সে বিষয়বস্তু নির্বাচন | | | |
| ২. | তথ্য সরবরাহ এবং উপস্থাপন | | | |
| ৩. | উপস্থাপিত বিষয়ে প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ প্রত্যাশা পূরণ হয়েছে | | | |
| ৪. | অধিবেশন উপস্থাপনের জন্য বিভিন্ন পদ্ধতি নির্বাচন | | | |
| ৫. | প্রশিক্ষণ সহায়ক সামগ্রীর মান | | | |
| ৬. | আলোচিত বিষয়বস্তু কর্মক্ষেত্রে কাজে লাগবে | | | |
| ৭. | প্রশিক্ষকবৃন্দ ভালোভাবে বিষয়বস্তু বোঝাতে পেরেছেন | | | |
| ৮. | অধিবেশনসমূহ উপস্থাপনের জন্য সময় পর্যাপ্ত ছিল | | | |

৯. প্রশিক্ষণ কোর্সের মান উন্নয়নের জন্য পরামর্শ:

ক)

খ)

গ)

ঘ)

## তথ্যসূত্র

DoF. 2016. National Fish Week 2016 Compendium (In Bengali). Department of Fisheries, Ministry of Fisheries and Livestock, Bangladesh. 148p.

Haldar, G.C. and M. R. Islam. 2008. Hilsa Fisheries Conservation, Development and Management Technique (In Bengali). Department of Fisheries, Ministry of Fisheries and Livestock, Bangladesh. 40p.

Training Manual on Roles and Responsibilities of Community Patrolling Group (In Bengali). 2013. USAID's Climate Resilient Ecosystems and Livelihoods (CREL) Project. 45p.